

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৪০৮

তারিখঃ ০৮ নভেম্বর, ২০২৩

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঝালকাঠি জেলার সদর উপজেলায় কর্মরত ইরেসপো'র হিসাব সহকারী জনাব রোজিনা আক্তার কর্তৃক নথি ও রেজিস্টারসমূহ দায়িত্বশীলতার সাথে সংরক্ষণ না করা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি ও এআরডিও, ইরেসপো কর্তৃক বাস্তবায়ন নির্দেশিকা বর্হিত্বত ঋণ নথি অনুমোদন ব্যতীত অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণের জন্য অনলাইন সফটওয়্যারে ঋণ প্রক্রিয়াকরণের ডাটা এন্ট্রিকরন এবং জেলার উপপরিচালক ও প্রকল্প সদর দপ্তরকে যথাসময়ে তথ্য প্রদান না করায় বিপুল পরিমাণ অর্থ আত্মসাতের সুযোগ সৃষ্টি হয়েছে। যা হিসাব সহকারী হিসেবে দায়িত্ব পালনে অনীহা/অবহেলার সামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, হিসাব সহকারী হিসেবে দায়িত্ব পালনে অনীহা/অবহেলার জন্য বিপুল পরিমাণ অর্থ আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ায় আপনাকে অযোগ্য এবং অদক্ষ হিসেবে বিবেচনা করে কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালনা নীতিমালা, ২০২২ এর বিধি ২৪ (খ) মোতাবেক দোষী সাব্যস্ত করে বিধি ২৮ (গ) এর আলোকে বিধি ২৫ (খ) মোতাবেক কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ হতে কেন অপসারণ বা বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ২০/১১/২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব রোজিনা আক্তার
হিসাব সহকারী
ইরেসপো, বিআরডিবি, ঝালকাঠি সদর।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৪০৮


তারিখঃ ০৮ নভেম্বর, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ ঝালকাঠি।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ঝালকাঠি।
৪. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


শাম্মা আক্তার
সহকারী পরিচালক